

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়
গণগ্রন্থাগার অধিদপ্তর
জেলা সরকারি গণগ্রন্থাগার
ঝালকাঠি।

www.publiclibrary.jhalakathi.gov.bd

ভবিষ্যত পরিকল্পনা

জ্ঞানভিত্তিক ও বিজ্ঞান সম্মত আধুনিক সমাজ বিনির্মানের জন্য জেলা সরকারি গণগ্রন্থাগার, ঝালকাঠি একটি আদর্শ প্রতিষ্ঠান হিসাবে ভূমিকা রাখতে চায়। সম্ভ্রাস, মাদক, দুর্নীতি ও জঞ্জীবাদমুক্ত বাংলাদেশ গড়তে গ্রন্থাগার হতে হবে স্বয়ংসম্পূর্ণ। সে চাহিদা পূরণ করতেই বেশ কিছু ভবিষ্যত পরিকল্পনা নিয়ে কাজ করছে জেলা সরকারি গণগ্রন্থাগার, ঝালকাঠি।

১. ভবন সম্প্রসারণ:

সময় ও পাঠকের চাহিদা মেটাতে একতলা গণগ্রন্থাগার ভবনের উর্দ্ধমুখী সম্প্রসারণ প্রয়োজন। তিন তলা ভবনের নির্মাণের লক্ষ্যে গণগ্রন্থাগার অধিদপ্তর প্রকল্প হাতে নিয়েছে। এটি সম্ভব হলে স্বয়ংসম্পূর্ণ ইনডোর গেমস সেন্টার, ICT সেন্টার, শিশুদের জন্য ও পত্রিকা এবং সাময়িকীর জন্য আলাদা আলাদা পাঠকক্ষ করা সম্ভব হবে। এছাড়াও একটি আধুনিক মিলনায়তন করার পরিকল্পনাও রয়েছে।

২. ডিজিটাল লাইব্রেরি:

গণগ্রন্থাগারকে স্বয়ংক্রিয় করণের মাধ্যমে ডিজিটাল গ্রন্থাগারে পরিণত করার পরিকল্পনা রয়েছে। গ্রন্থাগারের সামগ্রিক কার্যক্রম একটি “অটোমেশন সফটওয়্যারের” মাধ্যমে সম্পন্ন করা হবে। এছাড়াও আন্তর্জাতিক কনসোর্টিয়ামের সাথে যুক্ত হয়ে লক্ষ লক্ষ জার্নাল ও বইয়ের সংগ্রহে গ্রন্থাগারের যুক্ত হবার পরিকল্পনা রয়েছে।

৩. ICT ব্যবহার:

কম্পিউটার, প্রিন্টার ও ফটোকপি মেশিনসহ একটি স্বয়ংসম্পূর্ণ ICT কর্ণার করার পরিকল্পনা রয়েছে। সেই সাথে শীতাতপ নিয়ন্ত্রণ ব্যবস্থাসহ গণগ্রন্থাগারের সার্বিক পরিবেশের উন্নয়ন করার প্রকল্প খুব শীগ্রই হাতে নেয়া হবে।

৪. নতুন নতুন প্রতিযোগিতা:

জেলার শিক্ষার্থীদের উৎসাহ প্রদান, শিক্ষার মানোন্নয়ন ও শিক্ষার্থীদের সাথে সুস্থ প্রতিযোগিতার পরিবেশ সৃষ্টির জন্য শিক্ষা প্রতিষ্ঠান ভিত্তিক বিতর্ক, কুইজ প্রতিযোগিতার আয়োজন করার পরিকল্পনা রয়েছে। ইউনিয়ন, উপজেলা ও জেলা ভিত্তিক এ ধরনের প্রতিযোগিতা আয়োজন সম্ভব হলে ঝালকাঠি জেলার শিক্ষার মান যেমন বৃদ্ধি পাবে তেমনি শিক্ষাপ্রতিষ্ঠানসহ শিক্ষার্থীদের সাথে আগ্রহের সৃষ্টি হবে। এছাড়াও চলচ্চিত্র প্রদর্শনী ও সেমিনার/ওয়ার্কশপ এর আয়োজনের পরিকল্পনা রয়েছে।

৫. শিশু কর্ণার আধুনিকায়ন:

বিদ্যমান শিশু কর্ণারটি শীতাতপ নিয়ন্ত্রণ ব্যবস্থাসহ টেলে সাজানোর পরিকল্পনা রয়েছে। সেখানে কম্পিউটার, ট্যাবলেট ও পাজল গেমস ও শিশু উপযোগী আধুনিকসব পাঠ্য সামগ্রী থাকবে।

৬. গ্রন্থাগার ক্যাম্পাসের সৌন্দর্যবর্ধন:

ফুলের বাগান, বসার ব্যবস্থাসহ গ্রন্থাগার ক্যাম্পাসের সার্বজনীন গ্রহনযোগ্যতা বৃদ্ধির জন্য পরিকল্পনা রয়েছে। শুধু বইপড়া নয়, নির্মল সময় কাটানোর জন্যও গণগ্রন্থাগার হতে পারে আদর্শ জায়গা।

Future Plan

District Government Public Library, Jhalokathi wants to play a role as an ideal institution for building a knowledge-based and science-based modern society. To build Bangladesh free from terrorism, drugs, corruption and militancy, libraries must be self-sufficient. District Government Public Library, Jhalokathi is working on several future plans to meet that demand.

1. Building Extension:

Upward expansion of single storied public library building is required to meet the demand of time and readership. Directorate of public library has taken up the project for the purpose of construction of three storied building. If this is possible it will be possible to have a self-contained indoor games center, ICT center, separate reading rooms for children and magazines and periodicals. A modern auditorium is also planned.

2. Digital Library:

There are plans to turn public libraries into digital libraries through automation. The overall functioning of the library will be done through an “automation software”. The library also plans to join international consortia to collect millions of journals and books.

3. Use of ICT:

There are plans to have a self-contained ICT corner with computers, printers and photocopiers. Along with that, the project to improve the overall environment of the public library with air conditioning system will be taken up very soon.

4. New Competitions:

There are plans to organize educational institution based debates, quiz competitions to encourage the students of the district, standardize education and create an environment of healthy competition with the students. If it is possible to organize such competitions on union, upazila and district basis, the quality of education in Jhalokathi district will increase as well as interest will be created among the students along with the educational institutions. There are also plans to organize film screenings and seminars/workshops.

5. Children's Corner Modernization:

There are plans to furnish the existing children's corner with air-conditioning. There will be computer, tablet and puzzle games and modern reading materials suitable for children.

6. Beautification of Library Campus:

There are plans to increase universal accessibility of the library campus with flower gardens, seating arrangements. A public library can be an ideal place not only for reading but also for quiet time.

<https://publiclibrary.jhalakathi.gov.bd>

jhalokathidgpl@gmail.com